

রোকেয়া বিশ্ববিদ্যালয় ছাত্রলীগ নেতাকে কুপিয়ে আহত বাঁচাতে গিয়ে আঙুল হারালেন বোন

■ রংপুর অফিস
রংপুর বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের ছাত্রলীগের সাধারণ সম্পাদক মোস্তফা মাহমুদ হাসানকে কুপিয়ে আহত করেছে সন্ত্রাসীরা। এ সময় হাসানকে বাঁচাতে গিয়ে সন্ত্রাসীদের হামলায় হাতের দুটি আঙুল হারিয়েছেন তার বোন সীমা আকতার (৩২)। তাদের দু'জনকেই রংপুর মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। গতকাল মঙ্গলবার দুপুরে রংপুর নগরীর মূলাটোল এলাকায় এ ঘটনা ঘটে। পুলিশ এ ঘটনায় তিনজনকে গ্রেফতার করেছে।

পুলিশ ও প্রত্যক্ষদর্শীরা জানান, নগরীর মূলাটোলার বাসা থেকে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বঙ্গবন্ধুর জন্মদিনের অনুষ্ঠানে যাওয়ার জন্য বের হন মোস্তফা মাহমুদ হাসান। বাসা থেকে বের হওয়া মাত্র ওভপেতে থাকা ১৫-২০ জনের একদল সন্ত্রাসী তার ওপর হামলা চালায়। তারা হাসানকে দেশীয় অস্ত্র দিয়ে এলোপাতাড়ি কোপাতে থাকে। চিৎকার শুনে ভাইকে বাঁচাতে বাড়ির ভেতর থেকে ছুটে আসেন বোন সীমা আকতার। সন্ত্রাসীরা ডাকেও কুপিয়ে হাতের দুটি আঙুল বিচ্ছিন্ন করে দেয়। তাদের চিৎকারে আশপাশের লোকজন ছুটে আসার আগেই সন্ত্রাসীরা পালিয়ে যায়। গুরুতর আহত অবস্থায় হাসান ও সীমাকে উদ্ধার করে রংপুর মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করে স্থানীয়রা। বর্তমানে তারা হাসপাতালের সার্জারি বিভাগে চিকিৎসাধীন। সার্জারি বিভাগের চিকিৎসক জামাল উদ্দিন জানান, হাসানের

শরীরের বিভিন্ন স্থানে অন্তত ৬০টি মেলাই দেওয়া হয়েছে। তবে তিনি আশঙ্কামুক্ত। ঘটনার পর পরই পুলিশ আমিনুল ইসলাম, অলিয়ার রহমান ও এমআর ইসলাম রিপন নামে তিন সন্ত্রাসীকে গ্রেফতার করেছে। তাদের থানায় রেখে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। সীমা আকতার হাসপাতালে জানান, সন্ত্রাসীদের সবার হাতে ছিল দেশীয় অস্ত্র। বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সভাপতি মেহেদী হাসান বলেন, একটি সন্ত্রাসী চক্র হাসানকে হত্যার উদ্দেশে আক্রমণ করে।